

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সমন্বয় ও সংস্কার ইউনিট
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫.১১৮

তারিখ: ১৬ আষাঢ় ১৪২২/৩০ জুন ২০১৫

পরিপত্র

বিষয়: 'সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি'র আওতায় ২০১৫-২০১৬ অর্থ-বছরের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'
(Annual Performance Agreement) সম্পাদন।

সরকারের ঘোষিত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management system-GPMS) চালু করা হয়েছে। এ পদ্ধতির আওতায় ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে ২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হয়। গত বছরের ন্যায় এ বছরও প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সচিব স্ব স্ব মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী তথা মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসাবে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি তথা মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন।

২। সরকারের সার্বিক উন্নয়ন-অগ্রাধিকার, বিশেষত প্রেক্ষিত পরিকল্পনা ও পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন-লক্ষ্যমাত্রা, Allocatoin of Business এবং মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর আলোকে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ স্ব স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করবে। কর্মসম্পাদন চুক্তিতে মন্ত্রণালয়/বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, এগুলি অর্জনের জন্য অগ্রাধিকারভিত্তিতে করণীয় বিষয়সমূহ (Activities) এবং কর্মসম্পাদন সূচক (Performance Indicators) ও লক্ষ্যমাত্রা (Targets) বিধৃত হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রথম খসড়া অনুমোদন করবেন। সরকারি কর্মসম্পাদন সংক্রান্ত কারিগরি কমিটির মতামত/পর্যবেক্ষণের আলোকে উক্ত খসড়া চুক্তি পরিমার্জনের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী এ চুক্তি চূড়ান্তভাবে অনুমোদন করবেন। এ বছর চুক্তিটি বাংলা ভাষায় প্রণয়ন করা হবে এবং এর একটি ইংরেজি ভার্সন থাকবে।

৩। ২০১৫-২০১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের সুবিধার্থে একটি নীতিমালা (Guidelines for Annual Performance Agreements) প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় প্রক্রিয়া এবং কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি অন্তর্ভুক্ত রয়েছে। এ লক্ষ্যে প্রস্তুতকৃত একটি সফটওয়্যারের মাধ্যমে চুক্তিটি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগ প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত টিমের পঁচজন সদস্যের জন্য ২ জুলাই ২০১৫ তারিখ হতে প্রশিক্ষণের আয়োজন করেছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত নীতিমালার অনুলিপি এইসঙ্গে সংযুক্ত করা হল।

৪। উপর্যুক্ত নীতিমালা অনুসরণে এ সংক্রান্ত প্রশিক্ষণ সমাপ্তির পঁচ কর্মদিবসের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিটে প্রেরণ করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জানানো হল।


৩০/৬/২০১৫
(মোঃ নজরুল ইসলাম)

সচিব (সমন্বয় ও সংস্কার)

